

# শিক্ষকরা চান আগে ভিসি, শিক্ষার্থীরা ক্লাসের দাবিতে অটল

খুলনা অফিস



কুয়েটে দ্রুত ভাইস চ্যাঙ্কেল নিয়োগের দাবিতে বুধবার ক্যাম্পাসে মানববন্ধন করে শিক্ষক সমিতি। ছবি : কালোর কষ্ট

পাঁচ দিন পার হলেও স্বাভাবিক হয়নি খুলনা প্রকৌশল ও প্রযুক্তি

বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি। শিক্ষক সমিতির নেতারা যেমন ক্লাসে ফেরার আগে যোগ্য উপাচার্য (ভিসি) নিয়োগের শর্ত জুড়ে দিয়েছেন, তেমনি দ্রুত ক্লাস শুরুর দাবিতে অটল রয়েছেন শিক্ষার্থীরা।

এদিকে, ক্লাস শুরুর দাবি জানিয়ে গার্ডিয়ান ফোরামের পক্ষ থেকে যেমন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মণ্ডলি কমিশন (ইউজিসি) চেয়ারম্যান বরাবর স্মারকলিপি দেওয়া হয়েছে, তেমনি ক্যাম্পাসে মানববন্ধনও করা হয়েছে। আবার সেই অভিভাবকরাই বুধবার (২৩ জুলাই) শিক্ষক সমিতির মানববন্ধনে যোগ দিয়ে শিক্ষকদের দাবির সঙ্গে একাত্মতা প্রকাশ করেছেন।

তারা দ্রুত ভিসি নিয়োগের মাধ্যমে চলমান সংকট নিরসনের দাবি

জানিয়েছেন।

যদিও শিক্ষক সমিতির মানববন্ধনে উপস্থিত একজন কুয়েট

শিক্ষার্থী ১৮ ফেব্রুয়ারি সাধারণ শিক্ষার্থীদের ওপর হামলার সঙ্গে

জড়িত বলেও অভিযোগ উঠেছে। এ নিয়ে মানববন্ধনের পরই

সামাজিক যোগাযোগ মাধ্যমগুলো আবারও সরগরম হয়ে উঠেছে।

টানা পাঁচ মাস ধরে বন্ধ খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে

শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনতে চলমান সংকট নিরসন ও

একাডেমিক কার্যক্রম চালু করার জন্য অবিলম্বে একজন যোগ্য

উপাচার্য নিয়োগের দাবি শিক্ষকদের।

দাবির স্বপক্ষে আজ বুধবার (২৩ জুলাই) সকালে ক্যাম্পাসে ঘোথ

মানববন্ধন কর্মসূচি পালন করে শিক্ষক সমিতি।

সমিতির সভাপতি অধ্যাপক ড. মো. সাহিদুল ইসলামের

সভাপতিত্বে কর্মসূচিতে উপস্থিত ছিলেন সাধারণ সম্পাদক

অধ্যাপক ড. মো. ফারুক হোসেন, অধ্যাপক ড. মো. আব্দুর

রফিক, অধ্যাপক ড. মহিউদ্দিন আহমাদ, অধ্যাপক ড. মো.

আব্দুল্লাহ ইলিয়াছ আক্তার, অধ্যাপক ড. মো. রফিকুল ইসলাম,

অধ্যাপক ড. মুহাম্মাদ হারুনুর রশীদ, অধ্যাপক ড. এম এম

তওহিদ হোসেন, অধ্যাপক ড. মুহাম্মদ শাহজাহান আলী, অধ্যাপক

ড. মো. রোকনুজ্জামান, অধ্যাপক ড. মো. আবু জাকির মোর্শেদ,

অধ্যাপক ড. রাজিয়া খাতুন, অধ্যাপক ড. মো. সালাহ উদ্দীন

ইউসুফ, অধ্যাপক ড. এ বি এম আওলাদ হোসেন, অধ্যাপক ড.

মনির হোসেন, অধ্যাপক ড. মোহাম্মদ ইলিয়াছ ইনাম, অধ্যাপক  
ড. মোহাম্মদ সুলতান মাহমুদ, অধ্যাপক ড. কাজী মোস্তাফিজুর  
রহমান, অধ্যাপক ড. মো. আশরাফুল আলম প্রমুখ।

এর আগে গত ১৪ জুলাই বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম ব্যাহত  
হওয়ার বিষয় নিয়ে রাজস্ব বোর্ড (এনবিআর)'র সাবেক সচিব ও  
চেয়ারম্যান ড. মো. আবদুল মজিদকে প্রধান করে তিনি সদস্যের  
একটি তদন্ত কমিটি গঠন করে শিক্ষা মন্ত্রণালয়।

এ ছাড়া ১৫ জুলাই ভিসি নিয়োগ না হওয়া পর্যন্ত বাংলাদেশ  
বিশ্ববিদ্যালয় মঞ্চুরি কমিশনের (ইউজিসি) পাবলিক বিশ্ববিদ্যালয়  
ম্যানেজমেন্ট বিভাগের পরিচালক মোহাম্মদ জামিনুর রহমানকে  
কুয়েটের আর্থিক ক্ষমতা দিয়ে পত্র জারি করা হয়।

ক্লাস শুরুর জন্য একাধিকবার দাবি জানিয়ে শিক্ষক সমিতির মন  
গলাতে না পেরে শিক্ষার্থীরা গত ২০ জুলাই সকালে ক্লাসে গিয়ে  
ঘণ্টাখানেক অপেক্ষা করেন। পরে শিক্ষকদের না পেয়ে তারা ফিরে  
যেতে বাধ্য হন। এর আগে অবশ্য একজন শিক্ষক নিজের  
ফেসবুকে পোষ্ট দিয়ে ক্লাসে ফেরার ঘোষণা দেন। তার সঙ্গে আরো  
বেশ কয়েকজন শিক্ষক ক্লাসে ফেরার কথা জানিয়েও ফেরেননি  
ক্লাসে। সব মিলিয়ে এখন অনেক শিক্ষক ক্লাসে ফেরার ব্যাপারে  
ইতিবাচক মনোভাব প্রকাশ করলেও শিক্ষক সমিতির ব্যানারে  
বুধবার (২৩ জুলাই) মানববন্ধনের ফলে আবারও পিছিয়ে যাওয়ার  
আশঙ্কা রয়েছে ক্লাস চালুর বিষয়টি।

অপর একটি সূত্র বলছে, গত সোমবার (২১ জুলাই) কুয়েত শিক্ষক

সমিতির নবম সাধারণ সভায় উপস্থিত ১৫-২০ জন জ্যেষ্ঠ

শিক্ষকসহ অধিকাংশ শিক্ষক ক্লাসে ফিরে যাওয়ার ব্যাপারে সম্মতি

দেন। কিন্তু সমিতির কয়েকজন নেতা সেটি খণ্ডন করেন। তবে দ্রুত

ভিসি নিয়োগের দাবির পাশাপাশি ভিসি নিয়োগের সঙ্গে সঙ্গেই

ক্লাসে ফেরার ব্যাপারে সবাই একমত হন। এজন্য মানববন্ধনের

মধ্য দিয়ে দ্রুত ভিসি নিয়োগের দাবি জানানো হয়।

গত ১৮ ফেব্রুয়ারি কুয়েটে শিক্ষার্থীদের ওপর বহিরাগতদের

হামলার ঘটনাকে কেন্দ্র করে আচল রয়েছে কুয়েট। সেই থেকে

ক্লাস-পরীক্ষা সবই বন্ধ থাকায় সেশনজটের দিকে এগিয়ে যাচ্ছে

বিশ্ববিদ্যালয়টি।